66

দৈনিক জনকণ্ঠ

20 JUN 1997
তারিখ ...
পৃঃ ১ কলাম ৪

# এসএসসি'র ফল জুনের শেষে অথবা জুলাইয়ের প্রথমে

শরিফুজ্জামান পিন্টু

চলতি জুন মাসের একেবারে শেষদিকে অথবা জুলাইয়ের প্রথমদিকে এসএসসি পরীক্ষার ফল প্রকাশিত হবে। একই দিনে প্রকাশিত হবে পাঁচ বোর্ডের ফল। সব বোর্ডের ফল চূড়ান্তের কাজ দ্রুতগতিতে এগিয়ে চলছে। কোন বোর্ড ফল তৈরির কাজে পিছিয়ে পড়লে তাকে বাদ রেখেই অন্যান্য বোর্ড ফল প্রকাশ

(১১-এর পৃঃ দেখুন)

## এসএসসি'র ফল জুনের

(প্রথম পাতার পর)

করবে। খবর সংশ্লিষ্ট সূত্রের।

সূত্র জানায়, এসএসসি'র ফল প্রকাশের চূড়ান্ত ডেটলাইন বেঁধে দেয়া হয়েছে আগামী ১০ জুলাই। পরীক্ষা অনুষ্ঠিত হবার পর তিন মাস পূর্ণ হবে ঐদিন। এদিকে ফল প্রকাশের দিন যতই এগিয়ে আসছে ততই পরীক্ষার্থী ও অভিভাবকদের উদ্বেগ-উৎকণ্ঠা বেড়ে চলছে। বিভিন্ন সংবাদ মাধ্যমে এ সংক্রান্ত খবর পাবার প্রত্যাশায় তারা অধীর হয়ে উঠছে।

এ বছর পাঁচ বোর্ড থেকে ৭ লাখ ২২ হাজার ২শ' ১৫ জন ছাত্রছাত্রী পরীক্ষায় অংশ নেয়। এর মধ্যে ঢাকা বোর্ড থেকে ২ লাখ ৩২ হাজার ১শ' ১৩ জন, রাজশাহী বোর্ড থেকে ১ লাখ ৯১ হাজার ৪শ' ৬০ জন, কুমিল্লা বোর্ড থেকে ১ লাখ ১০ হাজার ৩শ' ৭৫ জন, যশোর বোর্ড থেকে ১ লাখ ৩৪ হাজার ৪শ' ৭২ জন ও চট্টগ্রাম বোর্ড থেকে ৫৩ হাজার ৭শ' ৯৫ ছাত্রছাত্রী পরীক্ষায় অংশগ্রহণ করে।

সূত্র জানায়, পাসের হার সন্তোষজনক পর্যায়ে পৌছবার জন্য কমন গ্রেস দেবার বিষয়ে যে গুজব উঠেছে তা ঠিক নয়। কোন গ্রেস ছাড়াই পরীক্ষার্থীদের খাতা মূল্যায়ন করা হয়েছে।

পরীক্ষার ফল প্রকাশের সম্ভাব্য তারিখ সম্পর্কে ঢাকা বোর্ডের চেয়ারম্যান তোজাম্মেল হোসেন জনকণ্ঠকে বলেন, আমরা আশা করছি জুনের একেবারে শেষদিকে পাঁচ বোর্ডের এসএসসি পরীক্ষার ফল প্রকাশ সম্ভব হবে। কোন কারণে যদি তা না হয় তাহলে জুলাইয়ের প্রথম সপ্তাহে ফল প্রকাশ করা হবে। এক প্রশ্নের জবাবে চেয়ারম্যান জানান, যদি কোন বোর্ড অন্যান্য বোর্ডের সাথে তাল মিলিয়ে না চলতে পারে তাহলে তাকে বাদ দিয়ে অন্যান্য বোর্ড ফল প্রকাশ করবে।